

স্মারক নং-৪১.০১.১৯৩৩.০০০.০০০.০২.০০০১.২৫.২০৭

তারিখ: ২৯ আশ্বিন ১৪৩২  
১৩ অক্টোবর ২০২৫

বিষয়ঃ সামাজিক নিরাপত্তা কর্মক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজড়া, বেদে, অনগ্রসর, চা শ্রমিকদের ভাতা ও উপবৃত্তির সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ প্রসঙ্গে।


সূত্রঃ স্মারক নং- ৪১.০১.০০০০.০৪৯.১৬.০৬২.২৪.৯৪৪ তাং-১২/১০/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সামাজিক নিরাপত্তা কর্মক্রমের আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরে বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি, হিজড়া, বেদে, অনগ্রসর, চা শ্রমিকদের ভাতা ও উপবৃত্তির সুবিধাভোগী বাছাইয়ের নিমিত্ত অনলাইন আবেদন গ্রহণ কার্যক্রম শুরু হয়েছে। সে লক্ষ্যে G2P(Government to Person) পদ্ধতিতে ভাতা পরিশোধের প্রদানের সুবিধার্থে যোগ্য প্রার্থীদের কাছ থেকে অনলাইন আবেদন গ্রহণের জন্য ১৩-১০-২০২৫ খ্রি. হতে ০৬-১১-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত [dss.bhata.gov.bd/online-application](http://dss.bhata.gov.bd/online-application) লিংকে অনলাইন আবেদন গ্রহণ করা হবে। আবেদন গ্রহণের পূর্বে এ বিষয়ে প্রয়োজনীয় প্রচারণার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আবেদন গ্রহণ, যাচাই-বাছাই ও তথ্য এন্ট্রির সময় প্রয়োজনীয় নির্দেশাবলী:

১. প্রতিবন্ধী ভাতার ক্ষেত্রে অবশ্যই সূবর্ণ নাগরিক কার্ড থাকতে হবে এবং Disability Information System(DIS) এর সাথে যাচাই বাছাই করতে হবে। অন্যান্য ভাতার ক্ষেত্রে জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন(প্রযোজ্য ক্ষেত্রে) অনুযায়ী স্থায়ী ঠিকানা অনুসারে আবেদন করতে হবে।
২. অনলাইন আবেদনে আবেদনকারীদের অবশ্যই প্রার্থীর নিজ জাতীয় পরিচয়পত্র দিয়ে নিবন্ধিত সক্রিয় সিম এর মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস(নেগদ, বিকাশ, রকেট, উপায় ইত্যাদি) অথবা ব্যাংক হিসাব নম্বর প্রদান করতে হবে। অর্থ মন্ত্রণালয়ের ০১/০৪/২০২৪ তারিখের নম্বর-০৭.০০.০০০০.১০৯.২০.০০২.২০.৫২ সংখ্যক এর পরিপত্রটি অনুসরণ করতে হবে। ব্যাংক হিসাবের ক্ষেত্রে আবেদনকারীর সাথে যোগাযোগের জন্য সক্রিয় মোবাইল নম্বর প্রদান করতে হবে।
৩. বয়স্ক ভাতার ক্ষেত্রে বয়স পুরুষ ৬৫ বা তদুর্ধ্ব এবং মহিলা ৬২ বা তদুর্ধ্ব, অনগ্রসর ভাতার ক্ষেত্রে বয়স ৫০ বা তদুর্ধ্ব হতে হবে।
৪. আবেদনকারী অন্য কোনো সরকারি সুবিধা নিয়মিত পেয়ে থাকলে তিনি এ সুবিধার জন্য বিবেচিত হবেন না।
৫. অনলাইনে প্রাপ্ত আবেদন এবং পূর্বের অনলাইনে আবেদন তালিকার (যদি থাকে) ভিত্তিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে প্রপ্যতা অনুযায়ী বরাদ্দ প্রদান করা হবে।
৬. বরাদ্দ অনুযায়ী চূড়ান্তভাবে নির্বাচিত উপকারভোগীগণ ০১ জুলাই ২০২৫ খ্রি. তারিখ হতে ভাতা প্রাপ্য হবেন। উল্লেখ্য যে, অনলাইনে আবেদন ব্যতীত চূড়ান্ত উপকারভোগী নির্বাচন করা সম্ভব হবে না।

এমতাবস্থায়, আপনার ইউনিয়নের উপযুক্ত ব্যক্তিদের উপর্যুক্ত নির্দেশনা যথাযথভাবে অনুসরণপূর্বক অনলাইনে আবেদন গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

  
২৯/১০/২০২৫  
(মোছাঃ শার্মিলা শার্মিলা)

উপজেলা সমাজসেবা অফিসার  
কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

প্রশাসক/চেয়ারম্যান

.....ইউনিয়ন পরিষদ

কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, ঢাকা।

২. পরিচালক(সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, ঢাকা।

৩. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, চট্টগ্রাম।

৪. উপজেলা নির্বাহী অফিসার, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা।

৬. জনাব.....ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক, উপজেলা সমাজসেবা কার্যালয়, কুমিল্লা সদর দক্ষিণ, কুমিল্লা।

(প্রয়োজনীয় প্রচার-প্রচারনায় সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদকে সার্বিক সাহায্যতা প্রদান করবে।)

৭. অফিস কপি।